দৈনিক বাংলা

তারিখ ... 13.1.86 ...
পৃষ্ঠা ... 7 কলাম 2 ...

00.028

# ৭০টি প্রাইমারী স্কুলে ছাত্ররা আকাশের নীচে ক্লাস করছে

ভান্ডারিয়া (বরিশাল) ১১ই জানুয়ারী।—ভান্ডারিয়া উপজেলার ৯৬টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৭০টি বিদ্যালয় জরাজীর্ণ লেখা-পড়ার অনুপযুক্ত। এসব বিদ্যালয়ে ছাদ ও ছাউনি নেই। নেই বেঞ্চ ও ব্ল্যাকবোর্ড। চেয়ার টেবিল ও অন্যান্য সাজসরঞ্জামের অভাব রয়েছে।

বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা খোলা আকাশের নীচে ক্লাস করে। তাদের খাবার পানিরও কোন ব্যবস্থা নেই। এসব কারণে বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা হ্রাস পাচ্ছে।

বিদ্যুৎ খুঁটি

সংবাদদাতা প্রেরিত অপর খবরে জানা গেছে, বিদ্যুতের তার খুঁটি ও মিটারের অভাবে বিদ্যুৎ লাইন সম্প্রসারণের কাজ অগ্রসর করা যাচ্ছে না ভান্ডারিয়া উপজেলার বিভিন্ন এলাকায়। বিদ্যুৎসংযোগের বহু আবেদনপত্র জমা পড়ে আছে।

ডাকঘর বন্ধ

অপর এক খবরে জানা গেছে, স্থানীয় প্রধান ডাকঘরটি কর্মচারীর অভাবে গত দশ সপ্তাহ ধরে বন্ধ রয়েছে কর্মচারীদের অন্যত্র বদলী করা হয়েছে। ফলে শাখা ডাকঘরগুলোর জরুরী চিঠিপত্র পাঠাতে দারুন অসুবিধা হচ্ছে।